স্মারক নং- সিকৃবি/রেজি.কার্যা/শিক্ষা/ভর্তি পরীক্ষা-২০১৭(৩৭৮)/১৬/২৫৩ তারিখ : ২০-০৯-২০১৬

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

ভর্তি বিজ্ঞপ্তি

স্নাতক লেভেল-১ সেমিস্টার-১

শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ৬টি অনুষদে স্নাতক কোর্সে লেভেল-১ সেমিস্টার-১ এ শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তিচ্ছুক প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে (online) অথবা মোবাইল থেকে SMS এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sau.ac.bd এ ভর্তি সংক্রান্ত সকল তথ্যাদি পাওয়া যাবে।

১. অনুষদ সম্পর্কীয় বিবরণ ঃ

অনুষদের নাম	ডিগ্রির নাম	কোর্সের মেয়াদ	শিক্ষার মাধ্যম	আসন সংখ্যা	মোট
ভেটেরিনারি ও এনিম্যাল সায়েন্স	ডি.ভি.এম	৫ বছর	ইংরেজি	৮৮	৩৭৪
কৃষি	বি.এসসি এজি (অনার্স)	৪ বছর	ইংরেজি	৭৭	
মাৎস্যবিজ্ঞান	বি.এসসি ফিসারিজ (অনার্স)	৪ বছর	ইংরেজি	৬৬	
কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা	বি.এসসি এজি. ইকন. (অনার্স)	৪ বছর	ইংরেজি	৫৫	
কৃষি প্রকৌশল ও কারিগরি	বি.এসসি এজি. ইঞ্জি.	৪ বছর	ইংরেজি	৫৫	
বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং	বি.এসসি বায়োটেক. অ্যান্ড জেনেটিক ইঞ্জি. (অনার্স)	৪ বছর	ইংরেজি	৩৩	

মুক্তিযোদ্ধা, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি, অন্যান্য অঞ্চলের উপজাতি (বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতিত) এবং বিকেএসপি কোটা বিধিমোতাবেক সংরক্ষণ করা হবে।

২. ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ

২.১। বিজ্ঞান গ্রুপে ২০১৪ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় এবং ২০১৬ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উভয়ক্ষেত্রে ৪র্থ বিষয় বাদে মোট জিপিএ ৬.৫; তবে এস.এস.সি এবং এইচ.এস.সি উভয় পরীক্ষায় প্রতিটিতেই ৪র্থ বিষয় বাদে ন্যূনতম জিপিএ ৩.০ থাকতে হবে। উল্লিখিত যোগ্যতা (জিপিএ) সাপেক্ষে ২০১৩ সনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমান এবং ২০১৫ সনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২.২। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমান এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমান পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা ও গণিত (এসএসসি'র ক্ষেত্রে সাধারণ গণিত) বিষয়ে প্রত্যেকটিতে আলাদাভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ এবং ইংরেজিতে ২.০ থাকতে হবে।

৩. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া ঃ

৩.১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ০২ অক্টোবর ২০১৬ হতে ১৩ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত দু'টি পদ্ধতির যে কোন একটির মাধ্যমে আবেদন করা যাবে এবং শুধুমাত্র ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড (DBBL) এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি প্রদান করতে হবে ।

ক) অনলাইনের (online) মাধ্যমে ঃ

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.sau.ac.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। উক্ত ফরমটি যথাযথভাবে পূরণ করা হলেই আবেদনকারীর জন্য একটি বিল নম্বর (Bill Number) তৈরি হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে।

খ) SMS এর মাধ্যমে ঃ

SMS এর মাধ্যমে আবেদনের জন্য আবেদনকারীর নিজস্ব মোবাইল (যে কোন অপারেটরের) ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে MMS <স্পেস> SAU <স্পেস> SSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> SSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <স্পেস> SSC পাশের সাল <স্পেস> SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস> HSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর <স্পেস> HSC পাশের সাল <স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস> কাঙ্ক্ষিত কোটার কীওয়ার্ড লিখে (কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে) ৬৯৬৯ নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোন কীওয়ার্ড লেখার প্রয়োজন নাই।

সঠিক আবেদনকারীর ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে SMS এর মাধ্যমে উক্ত মোবাইলে একটি বিল নম্বর (Bill Number) প্রদান করা হবে, যেটি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে এবং উক্ত বিল নাম্বারের বিপরীতে ভর্তি পরীক্ষার রোল নাম্বার প্রদান করা হবে।

কোটাসমূহের কীওয়ার্ড ঃ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী হলে FF, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি হলে TC, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতিত অন্যান্য অঞ্চলের উপজাতি হলে TOC এবং বিকেএসপি কোটা হলে BKS।

শিক্ষা বোর্ডের কীওয়ার্ড ঃ ঢাকা DHA, রাজশাহী RAJ, চট্টগ্রাম CHI, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, কারিগরি TEC

৩.২। **আবেদন ফি প্রদানের নিয়মাবলী ঃ**

ক) আবেদনের সময় প্রাপ্ত বিল নম্বর (Bill Number) এর বিপরীতে ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেড (DBBL) এর যে কোন মোবাইল ব্যাংকিং একাউন্ট বা এজেন্ট পয়েন্ট এর মাধ্যমে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের Biller ID 321 এ আবেদন ফি বাবদ টা: ৮০০/- (টাকা আটশত মাত্র) জমা দিতে হবে। ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (www.sau.ac.bd) পাওয়া যাবে।

খ) টাকা জমা হয়ে গেলে যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষণিক একটি SMS (You have paid successfully Tk. 800.00 to SAU) আসবে, যার মধ্যে Transaction ID উল্লেখ থাকবে। এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে; কেননা Payment প্রদানে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য Transaction ID টি উল্লেখ করে admission@sau.ac.bd এ যোগাযোগ করতে হবে। Payment সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা, তা জানতে চাইলে MMS <স্পেস> SAU <স্পেস> PAY <স্পেস> Bill Number লিখার পর 6969 নম্বরে SMS করতে হবে। প্রয়োজনে টাকা জমা দেয়ার ২৪ ঘন্টা পরে ওয়েবসাইটে (www.sau.ac.bd) Login করে payment status check করতে পারবে।

৩.৩। বিল নম্বর (Bill Number) ভুলে গেলে অনলাইনে (online) Login করে এইচ.এস.সি বোর্ড, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন ইনপুট দিলে বিল নম্বর (Bill Number) পাওয়া যাবে।

৩.৪। **প্রবেশপত্র ডাউনলোড:** আগামী ১৬ নভেম্বর ২০১৬ হতে ২৪ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত যে কোন সময়ে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.sau.ac.bd) গিয়ে আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফট কপি (JPG format, ফাইল সাইজ ৫০ কিলো বাইটের মধ্যে) আপলোড করতে হবে এবং ডাউনলোড এডমিট অপশনে গিয়ে প্রয়োজনীয় তথ্য দিয়ে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে নিতে হবে। প্রিন্টকৃত প্রবেশপত্রে স্বাক্ষরের স্থানে স্বাক্ষর দিয়ে নির্ধারিত স্থানে ছবি লাগাতে হবে। ভর্তি পরীক্ষার সময় উক্ত প্রবেশপত্র ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড নিয়ে আসতে হবে। অন্যথায় কাউকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩.৫। কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে ছবি আপলোড করার সময় নিম্নলিখিত রেকর্ডপত্রের সফট কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে, অন্যথায় তাদের কোটায় ভর্তির আবেদন বিবেচিত হবে না ঃ

ক) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র।

খ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্রে প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গরমিল হলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্র। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

গ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি আবেদনকারীকে স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্র।

ঘ) বিকেএসপি কোটায় আবেদনকারীকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৩.৬। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ওয়েবসাইটে (www.sau.ac.bd) প্রকাশ করা হবে। SMS এর মাধ্যমে সিট প্ল্যান জানার জন্য MMS <স্পেস> SAU <স্পেস> SEAT <স্পেস> ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে 6969 নম্বরে SMS করতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

৩.৭। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে প্রশ্ন থাকলে মোবাইল নং- 01742 824654, 01883135848 কিংবা ই-মেইল: admission@sau.ac.bd এ যোগাযোগ করা যাবে।

৩.৮। ভর্তি ইচ্ছুক বিদেশি প্রার্থীগণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে পারবে।

৪. ভর্তি পরীক্ষার পদ্ধতি ঃ

৪.১। উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুসরনে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও ইংরেজি বিষয়গুলোর উপর বহুনির্বাচনী (MCQ) পদ্ধতিতে ১০০ নম্বরের ১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে বৃত্ত ভরাট করে প্রশ্নের উত্তর দিতে হবে যা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হবে।

৪.২। কোন পরীক্ষার্থী ইংরেজিতে প্রশ্নপত্র পেতে চাইলে তাকে admission@sau.ac.bd তে ই-মেইলের মাধ্যমে আগামী ১৬ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে তা অবহিত করতে হবে।

৪.৩। **ভর্তি পরীক্ষার নম্বর বন্টন:** পদার্থবিদ্যা ২০ নম্বর, রসায়ন ২০ নম্বর, গণিত ২০ নম্বর, উদ্ভিদবিদ্যা ১৫ নম্বর, প্রাণিবিদ্যা ১৫ নম্বর, ইংরেজি ১০ নম্বর; মোট ১০০ নম্বর।

৪.৪। সাধারণ ঘড়ি ও ওয়েব সাইট/প্রবেশপত্রে উল্লিখিত মডেলের ক্যালকুলেটর ব্যতিত মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস সাথে নিয়ে ভর্তি পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৫. রেজিস্ট্রেশন, ভর্তি পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ এবং ভর্তি সংক্রান্ত তারিখ ও সময় ঃ

বিষয়	তারিখ, বার ও সময়
অনলাইনে (online) আবেদন	০২ অক্টোবর ২০১৬ হতে ১৩ নভেম্বর ২০১৬ (ছুটির দিনসহ দিন-রাত ২৪ ঘন্টা)
ভর্তি পরীক্ষা ও অন্যান্য কার্যক্রম	২৫ নভেম্বর ২০১৬, শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:৩০ ঘটিকা পর্যন্ত
ফল প্রকাশ	২৭ নভেম্বর ২০১৬, রবিবার
মেধা তালিকা হতে ভর্তি	০৪ ডিসেম্বর ২০১৬, রবিবার সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত
অপেক্ষমান তালিকা হতে ভর্তি	৮ ডিসেম্বর ২০১৬, বৃহস্পতিবার সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত
ওরিয়েন্টেশন	০৩ জানুয়ারি ২০১৭, মঙ্গলবার
ক্লাস শুরু	০৪ জানুয়ারি ২০১৭, বুধবার

ভর্তি পরীক্ষার ফলাফল ওয়েবসাইটে (www.sau.ac.bd) প্রকাশ করা হবে। ফলাফল জানার জন্য MMS <স্পেস> SAU <স্পেস> RES <স্পেস> ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখে 6969 নম্বরে SMS করতে হবে।

৬. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া ঃ

৬.১। **মেধা স্কোর:** মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধা স্কোর তৈরি করা হবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর, এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৪০ নম্বর ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল থেকে ৬০ নম্বর গণনা করা হবে। গ্রেডিং পদ্ধতিতে ৪র্থ বিষয় বাদে এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ নম্বর ভর্তি পরীক্ষার নম্বরের সাথে যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

৬.২। লিখিত পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম ৪০। কোটার আবেদনকারীদেরক্ষেত্রেও পাশ নম্বর ন্যূনতম ৪০।

৬.৩।(ক) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী অনুষদের পছন্দক্রম ভর্তির সময় দিতে হবে।

(খ) ভর্তির সময় নির্বাচিত প্রত্যেক প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি ও এইচএসসি পাসের মূল গ্রেডসিট, প্রশংসাপত্র এবং সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।

(গ) অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল অফিসারের নিকট থেকে শারীরিক সুস্থতার সন্তোষজনক সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে। অন্যথায় প্রার্থীকে ভর্তির অযোগ্য বলে গণ্য করা হবে।

(ঘ) আবাসিক হলে সিটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত শিক্ষার্থীদের হলে সিট বরাদ্দের কোন নিশ্চয়তা নেই বিধায় নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

(ঙ) কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন শর্ত/ নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

৬.৪। ভর্তি বিজ্ঞপ্তি, ভর্তি পরীক্ষার ফলাফল এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং www.sau.ac.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৬.৫। প্রার্থী কোনরূপ ভুল বা অসংগতিপূর্ণ তথ্য প্রদান করলে ভর্তি প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা পরবর্তী সময়ে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬.৬। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মো. বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
০১৭১১৯৫১০৭৫